

বিদেশি পর্যটক এবং দেশীয় পর্যটকদের সেবা প্রদানকারী পর্যটন শিল্পের বিভিন্ন উপখাতের সরকারি-বেসরকারি ব্যক্তি, প্রতিষ্ঠান, অংশীজন ও তাদের কর্মীদের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্যসেবা বিভাগের ৩০ মে, ২০২০ তারিখের ৭১০ নং স্মারকে জারিকৃত ১২ দফা স্বাস্থ্যবিধি অনুযায়ী নিম্নবর্ণিতভাবে পর্যটন সেবা নিশ্চিত করা:

- ১.১. অফিস চালু করার আগে অবশ্যই অফিস কক্ষ/ আঙিনা/ রাস্তাঘাট জীবাণুমুক্ত করতে হবে।
 - ১.২. প্রতিষ্ঠানে প্রবেশপথে থার্মাল স্ক্যানার থার্মোমিটার দিয়ে কর্মকর্তা-কর্মচারীদের শরীরে তাপমাত্রা পরীক্ষা করে অফিসে প্রবেশ করাতে হবে।
 - ১.৩. অফিস পরিবহন অবশ্যই শতভাগ জীবাণুনাশক দিয়ে জীবাণুমুক্ত করতে হবে। যানবাহনে বসার সময় ন্যূনতম ০৩ (তিন) ফুট শারীরিক দূরত্ব বজায় রাখতে হবে এবং সকলকে মাস্ক (সার্জিক্যাল মাস্ক অথবা তিন স্তরবিশিষ্ট কাপড়ের মাস্ক যা নাক ও মুখ ভালোভাবে ঢেকে রাখবে) ব্যবহার করতে হবে।
 - ১.৪. সার্জিক্যাল মাস্ক শুধু একবার ব্যবহার করা যাবে, কাপড়ের মাস্ক সাবান দিয়ে পরিষ্কার করে পুনরায় ব্যবহার করা যাবে।
 - ১.৫. যাত্রার আগে এবং যাত্রাপথে বারবার হ্যান্ড স্যানিটাইজার দিয়ে হাত পরিষ্কার ও জীবাণুমুক্ত করতে হবে।
 - ১.৬. খাওয়ার সময় শারীরিক দূরত্ব ন্যূনতম ০৩ (তিন) ফুট বজায় রাখতে হবে।
 - ১.৭. প্রতিবার টয়লেট ব্যবহারের পর সাবান দিয়ে জীবাণুমুক্তকরণ নিশ্চিত করতে হবে।
 - ১.৮. অফিসে কাজ করার সময় শারীরিক দূরত্ব বজায় রাখতে হবে।
 - ১.৯. কর্মস্থলে সকলকে অবশ্যই মাস্ক পরিধান করতে হবে এবং ঘন ঘন সাবান পানি বা হ্যান্ড স্যানিটাইজার দিয়ে হাত পরিষ্কার করতে হবে।
 - ১.১০. কর্মকর্তা-কর্মচারীদের করোনা প্রতিরোধে সাধারণ নির্দেশনাসহ অন্যান্য স্বাস্থ্যবিধি নিয়মিত মনে করিয়ে দিতে হবে এবং তারা স্বাস্থ্যবিধি মেনে চলছে কিনা তা মনিটরিং করতে হবে। ভিজিটেলস টিমের মাধ্যমে মনিটরিং কার্যক্রম পরিচালনা করতে হবে।
 - ১.১১. দৃশ্যমান একাধিক স্থানে ছবিসহ স্বাস্থ্যসুরক্ষা নির্দেশনা ঝুলিয়ে রাখতে হবে।
 - ১.১২. কোনও কর্মচারীকে অসুস্থ পাওয়া গেলে তাৎক্ষণিকভাবে তাকে আইসোলেশন বা কোয়ারেন্টিনে রাখার ব্যবস্থা করতে হবে।
- এছাড়া, পর্যটনের সেবা প্রদানকারী বিভিন্ন উপখাতের সরকারি-বেসরকারি ব্যক্তি ও প্রতিষ্ঠান কর্তৃক জারিকৃত অফিস আদেশ অনুযায়ী পর্যটকদের সেবা প্রদান নিশ্চিত করবে।

[বি: দ্র: এই নির্দেশিকা পর্যটন সংশ্লিষ্ট প্রতিষ্ঠান চালু করার নির্দেশিকা নয়, বরং উপযুক্ত কর্তৃপক্ষের নির্দেশে যখন পর্যটন সংশ্লিষ্ট প্রতিষ্ঠান চালু হবে তখন এই নির্দেশিকা অনুসরণ করা আবশ্যিক হবে]

Bangladesh Tourism Board
(National Tourism Organization)

BSL Office Complex (Hotel InterContinental), Level-3
Building-2, 1 Minto Road, Dhaka-1000, Bangladesh
www.tourismboard.gov.bd
www.beautifulbangladesh.gov.bd



Bangladesh
Tourism Board
National Tourism Organization

কোভিড ১৯ চলাকালে পর্যটন সেবা প্রদানকারীর জন্য অনুসরণীয় নির্দেশিকা



বাংলাদেশ ট্যুরিজম বোর্ড
বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়